খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

১ম বর্ষ বি. এস-সি. ইঞ্জিনিয়ারিং ও বিইউআরপি কোর্সে ভর্তি সম্বন্ধীয় বিজ্ঞপ্তি

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০১১-২০১২ইং শিক্ষাবর্ষে বিভিন্ন বিভাগে ১ম বর্ষ বি. এস-সি. ইঞ্জিনিয়ারিং ও বিইউআরপি কোর্সে ভর্তির জন্য গত ২৯ অক্টোবর, ২০১১ইং তারিখে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষার ফলাফল একাডেমিক কাউন্সিলের অনুমোদন সাপেক্ষে প্রকাশ করা হইল। উক্ত ফলাফলের ভিত্তিতে নিম্ন ছকে বর্ণিত তারিখ ও সময়সূচী অনুযায়ী ভর্তি করা হইবে। **ভর্তির জন্য নির্ধারিত তারিখসমূহের আগের দিন প্রার্থীদেরকে বিভাগ পছন্দের ফরম পুরণ করিয়া নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই জমা দিতে হইবে এবং স্বাস্থ্য পরীক্ষা করাইতে হইবে। ঐ একই দিনে একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও সনদপত্র সমূহ যাচাই করতঃ জমা রাখা হইবে।**

সংশ্লিষ্ট প্রার্থীদের নির্ধারিত তারিখসমূহে বোর্ড প্রদত্ত মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/গ্রেডশীটসমূহ, মাধ্যমিক পরীক্ষার মূল/সাময়িক সনদপত্র, উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল প্রশংসা পত্র এবং সদ্য তোলা ৪ (চার) কপি পাসপোর্ট ও ৪ (চার) কপি স্ট্যাম্প সাইজের রঙ্গীন ছবিসহ বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত কমিটির নিকট যাচাইয়ের জন্য দাখিল করিতে হইবে। স্বাস্থ্য পরীক্ষা ও সনদপত্রাদি যাচাইয়ের পর যোগ্য প্রমাণিত হইলে সভাপতি, ভর্তি কমিটির অনুমোদনক্রমে নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় ফিস জমা দিয়া তাহাদিগকে ভর্তি হইতে হইবে। বিশ্ববিদ্যালয়ে ভর্তির সময় বিভিন্ন ফিস বাবদ আনুমানিক ১০,৫০০/- (দশ হাজার পাঁচশত) টাকা এবং পরবর্তীতে আবাসিক হলে ভর্তির জন্য আনুমানিক ৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকা লাগিবে।

ভর্তির জন্য নির্ধারিত তারিখে সকাল ৯:০০ ঘটিকার সময় সকল প্রার্থীকে বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে অবশ্যই উপস্থিত থাকিতে হইবে এবং ঐ সময়ে মেধাক্রম অনুসারে প্রাপ্যতা অনুযায়ী পছন্দের বিভাগ বরাদ্দ করা হইবে। কোন প্রার্থী নির্ধারিত সময়ে উপস্থিত হইতে ব্যর্থ হইলে তাহার মেধাক্রম বহাল থাকিবে না। এই ব্যাপারে কোন আবেদন বিবেচনা করা হইবে না।

নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে কোন প্রার্থী ভর্তি হইতে ব্যর্থ হইলে তাহার ভর্তির যোগ্যতা বাতিল হইয়া যাইবে এবং এ ব্যাপারেও কোন প্রকার আবেদন গ্রহণযোগ্য হইবে না। সেক্ষেত্রে তাহার স্থলে মেধাক্রমানুসারে পরবর্তী প্রার্থীকে ভর্তি করা হইবে।

ভর্তি প্রক্রিয়া বন্ধ না হওয়া পর্যন্ত সিট খালি থাকা সাপেক্ষে প্রার্থীর বিভাগ পছন্দের ক্রমানুসারে মেধানুযায়ী বিভাগ পরিবর্তন (Auto migration) চলিতে থাকিবে। তবে কোন প্রার্থী ইচ্ছা করিলে তাহার Auto migration প্রক্রিয়া ভর্তির দিন আবেদনপত্রের মাধ্যমে বন্ধ করিতে পারিবে। প্রত্যেক প্রার্থীকে নিজ দায়িত্বে Auto migration এর পর তাহার অবস্থান বিশ্ববিদ্যালয়ের একাডেমিক শাখা হইতে জানিয়া লইতে হইবে। Auto migration প্রক্রিয়ার মাধ্যমে কাহারো বিভাগ পরিবর্তন হইলে তাহা কোন ভাবেই পূর্বাবস্থানে ফেরত নেওয়া যাইবে না।

ওরিয়েন্টেশন ও ক্লাশ শুরু হওয়ার সম্ভাব্য তারিখ ১৬ ফেব্রুয়ারী ২০১২, বৃহস্পতিবার, সকাল ১০-০০ঘটিকা

প্রধান মেধা তালিকা হইতে ভর্তির পর আসন খালি থাকা সাপেক্ষে, অপেক্ষমান তালিকা (Waiting List) হইতে মেধাক্রম অনুযায়ী ভর্তি করা হইবে এবং তাদের ক্ষেত্রেও Auto migration (দরখাস্তের মাধ্যমে বন্ধ না করিলে) নিয়ম প্রযোজ্য হইবে।

সনদপত্র যাচাই ও জমা, বিভাগ পছন্দের ফরম বিতরণ ও জমা, স্বাস্থ্য পরীক্ষা ও ভর্তির সময়সূচিঃ

প্রধান মেধা তালিকার ১ম হইতে ৬৬০তম পর্যন্ত প্রার্থী এবং সংরক্ষিত আসনের জন্য ৫ জন প্রার্থীর সনদপত্র যাচাই ও জমা রাখা, বিভাগ পছন্দের ফরম বিতরণ ও জমা নেওয়া এবং স্বাস্থ্য পরীক্ষা করা হইবে।	০৪/১২/১১ইং রবিবার	সকাল ৯-০০ঘটিকা হতে বিকাল ৫-০০ঘটিকা
প্রধান মেধা তালিকার ১ম হইতে ৬৬০তম পর্যন্ত প্রার্থী এবং সংরক্ষিত আসনের জন্য ৫ জন প্রার্থীর বিভাগ বরাদ্দ এবং ব্যাংকে প্রয়োজনীয় ফিস জমা দেয়া সাপেক্ষে ভর্তি করা হইবে।	০৫/১২/১১ইং সোমবার	সকাল ৯-০০ঘটিকা
অপেক্ষমান তালিকা হইতে আসন খালি থাকা সাপেক্ষে ভর্তিযোগ্য প্রার্থীদের ১ম তালিকা প্রকাশ করা হইবে।	০৫/১২/১১ইং সোমবার	বিকাল ৫-০০ঘটিকা
০৫/১২/১১ইং তারিখ প্রকাশিত তালিকায় ভর্তিযোগ্য প্রার্থীর সনদপত্র যাচাই ও জমা রাখা, বিভাগ পছন্দের ফরম বিতরণ ও জমা নেওয়া এবং স্বাস্থ্য পরীক্ষা করা হইবে।	১৯/১২/১১ইং সোমবার	সকাল ৯-০০ঘটিকা হতে বিকাল ৫-০০ঘটিকা
০৫/১২/১১ইং তারিখ প্রকাশিত তালিকায় ভর্তিযোগ্য প্রার্থীদের বিভাগ বরাদ্দ এবং ব্যাংকে প্রয়োজনীয় ফিস জমা দেয়া সাপেক্ষে ভর্তি করা হইবে।	২০/১২/১১ইং মঙ্গলবার	সকাল ৯-০০ঘটিকা
অপেক্ষমান তালিকা হইতে আসন খালি থাকা সাপেক্ষে ভর্তিযোগ্য প্রার্থীদের ২য় তালিকা প্রকাশ করা হইবে।	২০/১২/১১ইং মঙ্গলবার	বিকাল ৫-০০ঘটিকা
২০/১২/১১ইং তারিখ প্রকাশিত তালিকায় ভর্তিযোগ্য প্রার্থীর সনদপত্র যাচাই ও জমা রাখা, বিভাগ পছন্দের ফরম বিতরণ ও জমা নেওয়া এবং স্বাস্থ্য পরীক্ষা করা হইবে।	২৭/১২/১১ইং মঙ্গলবার	সকাল ৯-০০ঘটিকা হতে বিকাল ৫-০০ঘটিকা
২০/১২/১১ইং তারিখ প্রকাশিত তালিকায় ভর্তিযোগ্য প্রার্থীদের বিভাগ বরাদ্দ এবং ব্যাংকে প্রয়োজনীয় ফিস জমা দেয়া সাপেক্ষে ভর্তি করা হইবে।	২৮/১২/১১ইং বুধবার	সকাল ৯-০০ঘটিকা
অপেক্ষমান তালিকা হইতে আসন খালি থাকা সাপেক্ষে ভর্তিযোগ্য প্রার্থীদের ৩য় তালিকা প্রকাশ করা হইবে।	২৮/১২/১১ইং বুধবার	বিকাল ৫-০০ঘটিকা
২৮/১২/১১ইং তারিখ প্রকাশিত তালিকায় ভর্তিযোগ্য প্রার্থীর সনদপত্র যাচাই ও জমা রাখা, বিভাগ পছন্দের ফরম বিতরণ ও জমা নেওয়া এবং স্বাস্থ্য পরীক্ষা করা হইবে।	০৯/০১/১২ইং সোমবার	সকাল ৯-০০ঘটিকা হতে বিকাল ৫-০০ঘটিকা
২৮/১২/১১ইং তারিখ প্রকাশিত তালিকায় ভর্তিযোগ্য প্রার্থীদের বিভাগ বরাদ্দ এবং ব্যাংকে প্রয়োজনীয় ফিস জমা দেয়া সাপেক্ষে ভর্তি করা হইবে।	১০/০১/১২ইং মঙ্গলবার	সকাল ৯-০০ঘটিকা

বিঃ দ্রঃ (ক) প্রয়োজনে অপেক্ষমান তালিকা হইতে আসন খালি থাকা সাপেক্ষে ভর্তিযোগ্য প্রার্থীদের পরবর্তী তালিকা/তালিকাসমূহ প্রকাশ করা হইবে।

(খ) সর্বশেষ অপেক্ষমান তালিকা হইতে ভর্তির সময় আসন খালি থাকা সাপেক্ষে উপস্থিত প্রার্থীদের মধ্য হইতে মেধাক্রম অনুসারে ভর্তি করা হইবে।

(গ) বিস্তারিত ফলাফল এবং ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ডে এবং **www.kuet.ac.bd** ওয়েবসাইটে পাওয়া যাইবে।

স্বাক্ষরিত/-
(প্রফেসর ড. মুহাঃ রফিকুল ইসলাম)
সভাপতি, ভর্তি কমিটি
শিক্ষাবর্ষঃ ২০১১-২০১২
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়